দুটি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়

পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার

এমআইএস ইউনিট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাড়ী পরিদর্শন ও সেবা প্রদান শেষে বিদায় নিচ্ছেন
পরিবার কল্যাণ সহকারী

স্যাটেলাইট ক্লিনিক

পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার

(অষ্টম সংস্করণ)

ছবি

কর্মীর পরিচিতিঃ

নাম	:.....	জাতীয় আইডি নং	:.....
ইউনিট নং	:.....	ওয়ার্ড নং	:.....
ইউনিয়ন	:.....	উপজেলা/থানা	:.....
জেলা	:.....	বিভাগ	:.....
মোবাইল নং	:.....		

রেজিস্টার চূড়ান্তকরণে যাঁরা অবদান রেখেছেন

রেজিস্টার প্রণয়ন কমিটিঃ					
১.	পরিচালক (এমআইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	আহবায়ক	১৭.	জনাব গোলাম ফারুক, ইভ্যালুয়েশন অফিসার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য
২.	পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	১৮.	বেগম খুরশিদা আক্তার, প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য
৩.	পরিচালক (আইইএম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	১৯.	বেগম ফারহানা রহমান, পরিবার পরিকল্পনা কর্মকর্তা(লীভ রিজার্ভ), এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য
৪.	পরিচালক (অর্থ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	২০.	জনাব মোঃ আবুল কালাম আজাদ, লজিষ্টিক্স মনিটরিং অফিসার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য
৫.	পরিচালক (পরিকল্পনা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	২১.	জনাব মোঃ শাহজাহান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য
৬.	পরিচালক (উপকরণ ও সরবরাহ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	২২.	জনাব মোস্তফা কামাল, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, চাঁদপুর।	সদস্য
৭.	পরিচালক (এমসিএইচ সার্ভিসেস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	২৩.	ডাঃ মাকসুদা খানম, মেডিক্যাল অফিসার(এমসিএইচ-এফপি), সাভার, ঢাকা।	সদস্য
৮.	লাইন ডাইরেক্টর(সিসিএসডিপি), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	২৪.	মিসেস লক্ষ্মী রানী বাড়ৈ, ইভ্যালুয়েশন অফিসার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য
৯.	পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ।	সদস্য	২৫.	জনাব কাজী মিজানুর রহমান, টীম সুপারভাইজার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য
১০.	জনাব এসএম আনোয়ার হোসেন, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, নরসিংদী ।	সদস্য	২৬.	জনাব মোঃ জাকির হোসেন মোল্লা, লজিষ্টিক্স মনিটরিং অফিসার (অঃ দাঃ), এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য
১১.	জনাব মোঃ বসির উদ্দিন, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, নারায়ণগঞ্জ।	সদস্য	২৭.	জনাব কৃষ্ণ প্রতিম দত্ত, পরিসংখ্যানবিদ(অঃ দাঃ), এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য
১২.	ডাঃ নুরুন নাহার, প্রোগ্রাম ম্যানেজার(কোঃ এ্যাঃ), সিসিএসডিপি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	২৮.	জনাব মোঃ ফিরোজ মিয়া, এফপিআই, ডিসিসি, ওয়ার্ড নং ৪৫-৪৮, মিরপুর, ঢাকা।	সদস্য
১৩.	ডাঃ মোঃ শামছুল করিম, প্রোগ্রাম ম্যানেজার, এফএসডিপি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	২৯.	মিসেস নূরজাহান বেগম, পরিবার কল্যাণ পরিদর্শিকা, ডেমরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।	সদস্য
১৪.	জনাব সফিউল হক, সহকারী পরিচালক, এমআইএস ইউনিট পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	৩০.	বেগম ওয়াসওয়াতুল হাসনা, পরিবার কল্যাণ সহকারী, ওয়ার্ড নং-৮৬, তেজগাঁও, ঢাকা।	সদস্য
১৫.	ডাঃ ফরিদ উদ্দিন আহমদ, সহকারী পরিচালক(সার্ভিসেস), এমসিএইচ সার্ভিসেস ইউনিট পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	৩১.	বেগম সাবিহা মরিয়ম শান্তা, FWA, ৩(খ) ইউনিট, ডাবুয়া ইউনিয়ন, রাউজান, চট্রগ্রাম।	সদস্য
১৬.	জনাব মোঃ এনামুল হক, সহকারী পরিচালক(বাজেট), অর্থ ইউনিট পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য	৩২.	বেগম সেলিনা আক্তার, উপরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস ইউনিট পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	সদস্য সচিব

সূচীপত্র

ক্রমিক নং	**বিষয়**	**পৃষ্ঠা**
১.	পরিবার কল্যাণ সহকারীর দায়িত্ব ও কর্তব্য	৫-৬
২.	পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহের সচিত্র পরিচিতি	৭
৩.	পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতা বাছাইকরণ ও গ্রহণকারী অনুসরণ সহায়ক তালিকা	৮-১৩
৪.	গর্ভকালীন, প্রসবকালীন, প্রসবোত্তর এবং নবজাতকের সেবাদান সহায়ক তালিকা	১৪-১৫
৫.	কিশোর-কিশোরীর স্বাস্থ্য সমস্যা সনাক্তকরণ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান সহায়ক তালিকা	১৬
৬.	পুষ্টিসেবাদান সহায়ক তালিকা	১৭
৭.	দম্পতি ছকের সেবাদান অংশ পূরণের সংকেত	১৮-১৯
৮.	দম্পতি ছক	২০-২৩৯
৯.	শূন্য থেকে ১৮ মাস বয়সী শিশুর তালিকা ছক	২৪০-২৬৫
১০.	শিশু (০-৫ বৎসরের নিচে) সেবাদান ছক	২৬৬-২৭৭
১১.	কিশোর কিশোরীর স্বাস্থ্য সেবাদান ছক	২৭৮-২৯৩
১২.	গর্ভবতী মা ও নবজাতকের তথ্য/সেবা ছক	২৯৪-৩৭৭
১৩.	মৃত্যু তালিকা ছক	৩৭৮-৩৮৫
১৪.	দৈনিক কার্যাবলীর হিসাব ছক	৩৮৬-৪৫৭
১৫.	ইনজেকটেবল গ্রহণকারীর তালিকা ছক	৪৫৮-৪৮৭
১৬.	মাসিক মওজুদ ও বিতরণের হিসাব ছক	৪৮৮-৪৯৬
১৭.	খানার জনসংখ্যার হিসাব ছক	৪৯৭-৫২৬
১৮.	গ্রামভিত্তিক জনসংখ্যার হিসাব ছক	৫২৭-৫২৮
১৯.	সন্তান সংখ্যা অনুযায়ী এবং বয়স ভিত্তিক পদ্ধতি গ্রহণকারী ও অগ্রহণকারী সক্ষম দম্পতিদের বিন্যাস ছক	৫২৯-৫৩১
২০.	পরিবার পরিকল্পনা পরিদর্শকের তদারকি ছক	৫৩২-৫৪৪
২১.	জনপ্রতিনিধি/কর্মকর্তাদের তদারকি ছক	৫৪৫-৫৪৯

১. পরিবার কল্যাণ সহকারীর দায়িত্ব ও কর্তব্য

কার্যক্রমঃ

পরিবার কল্যাণ সহকারী (FWA) পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য ও পুষ্টি কর্মসূচীর একজন মুখ্য মাঠকর্মী এবং ইউনিয়নে পরিবার পরিকল্পনা কর্মী দলের একজন সদস্য। তাঁর ভূমিকা হবে পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য, কিশোর কিশোরীর স্বাস্থ্য এবং পুষ্টি বিষয়ে নির্ধারিত ইউনিটের সকল সক্ষম দম্পতিকে তথ্য ও শিক্ষা প্রদান এবং উদ্বুদ্ধকরণ, সক্ষম দম্পতি ও অনুর্ধ্ব পাঁচ বছরের শিশুদের যথাযথ সেবা প্রদান, কিশোর-কিশোরীর সেবা নিশ্চিত করার উদ্দেশ্যে বাড়ী পরিদর্শন, স্যাটেলাইট ক্লিনিক, কমিউনিটি ক্লিনিক ও ইপিআই কার্যক্রমসহ সকল কাজ সম্পাদন করা। তাঁর ইউনিটের দম্পতিদের সাথে নিবিড় যোগাযোগ স্থাপন ও রক্ষা করা।

১। পরিকল্পনা প্রণয়ন ও কর্মসূচী বাস্তবায়নঃ

১.১ পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য এবং পুষ্টি কার্যক্রমের কৌশল প্রণয়ন।

১.২ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পরিকল্পনা প্রণয়ন।

১.৩ ইউনিয়নের নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়ন এবং সপ্তাহের নির্ধারিত দিনে কমিউনিটি ক্লিনিকে দায়িত্ব পালন।

১.৪ বাড়ী পরিদর্শন, স্যাটেলাইট ক্লিনিক আয়োজন, কমিউনিটি ক্লিনিক, ইপিআই কর্মসূচী ও অন্যান্য কাজের জন্য মাসিক অগ্রিম কর্মসূচী প্রণয়ন।

১.৫ উপজেলায় মাসিক সভা, পরিবার কল্যাণ কেন্দ্রে পাক্ষিক সভা, ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটি এবং পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা কমিটির সভায় অংশগ্রহণ।

১.৬ কিশোর-কিশোরীর স্বাস্থ্যসেবা প্রদান, সেবা গ্রহীতাদের রেফার করা ও পরিবার কল্যাণ পরিদর্শিকাকে নিজ এলাকার বাড়ী পরিদর্শনে সহায়তা প্রদান।

১.৭ ওয়ার্ড পরিবার পরিকল্পনা কমিটি ও স্যাটেলাইট ক্লিনিক সংগঠন কমিটির সদস্য হিসাবে দায়িত্ব পালন।

২। পরিবার পরিকল্পনাঃ

২.১ দম্পতি ও মায়েদের তথ্য ও শিক্ষা প্রদান এবং তাঁদের উদ্বুদ্ধকরণ।

২.২ নতুন গ্রহীতাদের পদ্ধতি অনুসারে বাছাইকরণ।

২.৩ সেবা গ্রহণকারীদের মধ্যে খাবার বড়ি, কনডম, ইসিপি ও মিসোপ্রোস্টল বিতরণ।

২.৪ স্থায়ী পদ্ধতি, আই ইউ ডি, ইনজেকটেবল, ইমপ্ল্যান্ট এবং এম আর ব্যবস্থা গ্রহণে ইচ্ছুকদের সংশ্লিষ্ট সেবা কেন্দ্রে রেফার করা।

২.৫ প্রশিক্ষণপ্রাপ্ত পরিবার কল্যাণ সহকারী কর্তৃক জন্মনিরোধক ইনজেকটেবলের দ্বিতীয় ও পরবর্তী ডোজ প্রদান।

২.৬ জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর নিয়মিত সংগ্রহ ও সরবরাহ নিশ্চিত রাখার জন্য পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীদের সাথে যোগাযোগ করা।

২.৭ পদ্ধতি গ্রহণকারী কোন প্রকার জটিলতার সম্মুখীন হলে তা পরিবার কল্যাণ পরিদর্শিকা/মেডিক্যাল অফিসার(এফডব্লিউ/ এমসিএইচ-এফপি/ক্লিনিক) এর নিকট রেফার করা।

২.৮ মহিলাদের প্রজননতন্ত্রের রোগ (RTI) এবং যৌন রোগ (STI), এইচআইভি/এইডস সম্পর্কে পরামর্শ (Counseling) প্রদান।

৩। স্যাটেলাইট ক্লিনিকঃ

৩.১ এলাকাবাসীদের স্যাটেলাইট ক্লিনিকের স্থান ও সময়সূচীর বিষয়ে অবহিত করা। গর্ভবতী ও মায়েদের স্যাটেলাইট ক্লিনিকে উপস্থিত হবার জন্য উদ্বুদ্ধকরণ।

৩.২ যৌন রোগ সংক্রমন (STI/HIV/AIDS) প্রতিরোধ এবং জন্মনিয়ন্ত্রণে কনডম ব্যবহারের পরামর্শ দেয়া ও সরবরাহ করা।

৩.৩ বন্ধ্যাত্ব চিকিৎসার জন্য আগত দম্পতিদের মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি/ক্লিনিক) এর নিকট রেফার করা।

৩.৪ স্বাস্থ্য শিক্ষা প্রদান এবং মা ও শিশুদের রেজিস্ট্রেশন করা। ইনজেকটেবল ও আইইউডি গ্রহীতা বৃদ্ধিকল্পে পরিবার কল্যাণ পরিদর্শিকাকে সহায়তা প্রদান।

৪. গর্ভবতী, প্রসূতি ও নবজাতকের সেবাঃ

৪.১ এলাকায় গর্ভবতী মায়ের তালিকা তৈরী ও মাসভিত্তিক হালনাগাদ করা এবং পরিবার কল্যাণ পরিদর্শিকার নিকট প্রেরণ। গর্ভবতী মাকে প্রসবপূর্ব সেবা গ্রহণের জন্য স্যাটেলাইট ক্লিনিক/পরিবার কল্যাণ কেন্দ্র/উপজেলা স্বাস্থ্য ও পঃ কঃ কমপ্লেক্স/মা ও শিশু কল্যাণ কেন্দ্রে গমনের পরামর্শ প্রদান।

৪.২ নিরাপদ প্রসব, পুষ্টি ও গর্ভাবস্থায় প্রতিষেধক টিকা গ্রহণের গুরুত্ব সম্পর্কে মহিলা ও পরিবারের সদস্যদের পরামর্শ প্রদান।

৪.৩ ঝুঁকিপূর্ণ গর্ভবতীদের চিহ্নিত করে তাঁদের স্যাটেলাইট ক্লিনিক অথবা পরিবার কল্যাণ কেন্দ্রে কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকার সাথে দেখা করতে সাহায্য করা এবং প্রয়োজনবোধে তাদের মেডিক্যাল অফিসার (এফডব্লিউ/এমসিএইচ-এফপি/ক্লিনিক) এর নিকট রেফার করা।

৪.৪ নিরাপদ প্রসবসেবা নিশ্চিত করার জন্য স্বাভাবিক গর্ভবতী মা-দের প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি/পরিবার কল্যাণ পরিদর্শিকার নিকট রেফার করা।

৪.৫ জন্মের ১ ঘন্টার মধ্যে শিশুকে শালদুধ খাওয়ানো এবং ৬ মাস বয়স পর্যন্ত শুধুমাত্র মায়ের দুধ খাওয়ানোর পরামর্শ দেওয়া। শিশুর বয়স ৬ মাস পূর্ণ হবার পর থেকে মায়ের দুধের পাশাপাশি বাড়তি খাবার খাওয়ানোর পরামর্শ প্রদান।

৪.৬ প্রসবোত্তর মায়েদের বাড়ী পরিদর্শন, তাঁদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা এবং তাদের প্রসবোত্তর সেবা গ্রহণের জন্য স্যাটেলাইট ক্লিনিক/পরিবার কল্যাণ কেন্দ্র/উপজেলা স্বাস্থ্য ও পঃ কঃ কমপ্লেক্স/মা ও শিশু কল্যাণ কেন্দ্রে গমনের পরামর্শ প্রদান।

৫. রোগ প্রতিরোধ ও টিকাদানঃ

৫.১ ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতার মাধ্যমে ডায়রিয়া প্রতিরোধ সম্পর্কে এলাকাবাসীদের পরামর্শ প্রদান।

৫.২ সম্প্রসারিত টিকাদান কেন্দ্রে অংশ গ্রহণ।

৫.৩ খাবার স্যালাইন অথবা লবণ-গুড়/চিনি'র শরবত তৈরী এবং ডায়রিয়া আক্রান্ত শিশুদের যত্ন সম্পর্কে মায়েদের পরামর্শ প্রদান।

৫.৪ মারাত্মক ডায়রিয়া রোগীদের পরিবার কল্যাণ কেন্দ্র/উপজেলা স্বাস্থ্য ও পঃ কঃ কমপ্লেক্সে রেফার করা।

৬. পুষ্টি শিক্ষাঃ

৬.১ সহায়িকা ও ফ্লাশ কার্ড ব্যবহার করে মায়েদের স্বাস্থ্য বিষয়ক তথ্য ও শিক্ষা প্রদান এবং পুষ্টি সম্পর্কে পরামর্শ প্রদান।

৬.২ গর্ভবতী মা ও শিশুর জন্য আয়রন ও ফলিক এসিড বড়ি(আইএফএ), মাল্টিপুল মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার(এমএনপি) ও ভিটামিন 'এ' ক্যাপসুল বিতরণ।

৬.৩ আয়োডিনযুক্ত খাবার গ্রহণে উদ্বুদ্ধকরণ।

৬.৪ মারাত্মক অপুষ্টি ও রক্তশূন্য রোগীদের পরিবার কল্যাণ কেন্দ্র/মা ও শিশু কল্যাণ কেন্দ্র/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ।

৭. উপকরণ ও সরবরাহঃ

৭.১ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে জন্মনিরোধক সামগ্রী সংগ্রহ এবং মিনি স্টোরে সংরক্ষণ।

৭.২ পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক আইইসি উপকরণ সংগ্রহ ও বিতরণের ব্যবস্থা করা।

৭.৩ রেজিস্টারে উপকরণাদির প্রাপ্তি, বিতরণ ও মওজুদ সঠিকভাবে লিপিবদ্ধকরণ এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে নির্দিষ্ট ফরমে মাসিক হিসাব প্রদান।

৮ তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন তৈরীঃ

৮.১ পরিবার কল্যাণ সহকারী রেজিস্টারে ইউনিটভূক্ত সকল সক্ষম দম্পতির নাম লিপিবদ্ধ করা, সকল প্রকার তথ্য, যেমন- সক্ষম দম্পতি, পদ্ধতি গ্রহণকারী, গর্ভবতী মা ও নবজাতকের সেবা, মায়ের পুষ্টি ও শিশুর পুষ্টি, জন্ম ও মৃত্যু, ০-৫ বৎসরের শিশুদের সেবা, কিশোর কিশোরীদের স্বাস্থ্যসেবা সম্পর্কিত তথ্য সংরক্ষণ ও নিয়মিত হালনাগাদকরণ।

৮.২ জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, অন্যান্য সামগ্রী বিতরণ ও মওজুদ এবং কাজের অগ্রগতি বিষয়ে মাসিক/বার্ষিক প্রতিবেদন তৈরী করা।

৮.৩ কর্ম এলাকার জনসংখ্যা, বয়স ও সন্তানভিত্তিক পদ্ধতি গ্রহণকারী-অগ্রহণকারী দম্পতির তথ্য এবং বাজার হতে পরিবার পরিকল্পনা সামগ্রি ক্রয়ের বাৎসরিক হিসাব সংগ্রহ ও প্রতিবেদন প্রেরণ।

৯ অন্যান্য দায়িত্বঃ

৯.১ প্রশিক্ষণে অংশগ্রহণ।

৯.২ ঔষধি, ফলজ এবং বনজ বৃক্ষ রোপণে পরামর্শ প্রদান।

৯.৩ ডায়রিয়া প্রতিরোধে জলাবদ্ধ পায়খানা ব্যবহারের পরামর্শ প্রদান।

৯.৪ জন্মনিবন্ধন কার্যক্রমে জনগণকে উদ্বুদ্ধকরণ।

৯.৫ বাল্যবিবাহ প্রতিরোধে উদ্বুদ্ধকরণ।

৯.৬ উর্ধ্বতন কর্তৃপক্ষ ও স্থানীয় সরকার কর্তৃক সময় সময় অর্পিত অপরাপর সকল দায়িত্ব পালন।

২. পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহের সচিত্র পরিচিতি

খাবার বড়ি

- মিশ্র খাবার বড়ি (সুখী)
- শুধুমাত্র প্রজেস্টেরণ সমৃদ্ধ খাবার বড়ি (আপন)

পরিবার পরিকল্পনা পদ্ধতি সমূহ

অস্থায়ী পদ্ধতি		স্থায়ী পদ্ধতি
স্বল্পমেয়াদি	দীর্ঘমেয়াদি	
▪ খাবার বড়ি ▪ কনডম ▪ ইনজেকটেবল	▪ আইইউডি ▪ ইমপ্ল্যান্ট	▪ স্থায়ী পদ্ধতি (পুরুষ) - এনএসভি ▪ স্থায়ী পদ্ধতি (মহিলা) - টিউবেকটমী

স্থায়ী পদ্ধতি (পুরুষ) -এনএসভি

কনডম

ইনজেকটেবল

আইইউডি

ইমপ্ল্যান্ট

৩ বছর মেয়াদি - ইমপ্লানন

৫ বছর মেয়াদি - জেডেল

স্থায়ী পদ্ধতি (মহিলা) - টিউবেকটমী

৩.১ খাবার বড়ি গ্রহীতা বাছাইকরণ ও গ্রহণকারী অনুসরণ সহায়ক তালিকা

কার্যকারিতাঃ শতকরা ৯৯.৭ ভাগ

কোন প্রকার প্রয়োগ নিষেধ না থাকলে মেনোপজ না হওয়া পর্যন্ত মিশ্র বড়ি ব্যবহার করা যায়

খাবার বড়ি গ্রহীতা বাছাইকরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

১. আপনার শেষ সন্তান কি বুকের দুধ খায়? (যদি শেষ সন্তানের বয়স ৬ মাস ও তার কম হয়) → মহিলাকে শুধুমাত্র প্রজেস্টেরণ সমৃদ্ধ খাবার বড়ি (আপন) নিতে সাহায্য করুন।

২. আপনি কি ধুমপান করেন অথবা পানের সাথে জর্দা খান? (মহিলার বয়স যদি ৩৫ বছর এর বেশী হয়) → মহিলাকে হরমোন ব্যতিত অন্য আরেকটি পদ্ধতি নিতে সাহায্য করুন।

৩. আপনার শেষ মাসিক কি চার সপ্তাহের আগে হয়েছে? (মহিলা কি মনে করেন তার পেটে সন্তান এসে গেছে?)
৪. আপনার স্তনে কি শক্ত চাকা আছে ?
৫. গত এক বছরের মধ্যে কোন সময় আপনার চোখ অথবা গায়ের রং হলুদ হয়ে গিয়েছিল কি?
৬. আপনার দুই মাসিকের মধ্যবর্তী সময়ে রক্ত যায় কি? সহবাসের পর রক্ত যায় কি ?
৭. সামান্য কাজের পর আপনার বুকে ব্যথা বা শ্বাস কষ্ট হয় কি ?
৮. আপনার কি ঘন ঘন খুব বেশী মাথা ব্যথা হয় ও চোখে ঝাপসা দেখেন কি?
৯. আপনার পায়ের শিরাগুলো ফুলে গিয়ে ব্যথা করে কি?
১০. কখনও কি আপনার যে কোন পায়ে বেশ কয়েক দিন ধরে প্রচন্ড ব্যথা হয়েছিল?
১১. কোন স্বাস্থ্য কর্মী বা ডাক্তার আপনাকে কি জানিয়েছিল যে আপনার অনিয়ন্ত্রিত বহুমূত্র বা ডায়াবেটিস আছে?
১২. আপনার কি মৃগী রোগ আছে অথবা আপনি কি রিফামপিসিনের সাহায্যে যক্ষার চিকিৎসা নিচ্ছেন?

→ মহিলাকে আরও বিস্তারিত পরীক্ষা ও চিকিৎসার জন্য FWV এর কাছে নিয়ে যান অথবা পাঠিয়ে দেবার ব্যবস্থা করুন। আপাতত: ব্যবহারের জন্য মহিলাকে কনডম দিয়ে দিন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয়, মহিলা বড়ি খেতে পারবে। এক্ষেত্রে বড়ি গ্রহণে ইচ্ছুক মহিলাকে নিম্নলিখিত বিষয় সমূহ অবহিত করুন।

খাবার বড়ি গ্রহণকারী অনুসরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

১. আপনি কি বড়ি খেতে ভুলে গেছেন ? → এক বা একাধিক দিন বড়ি খেতে ভুলে গেলে নিম্নে প্রদত্ত বর্ণনা অনুযায়ী মহিলাকে পরামর্শ দিন।

২. বড়ি খাওয়ার পর থেকে আপনার কোন ছোট খাট সমস্যা, যেমনঃ
- মাথা ঘোরা, সামান্য মাথা ব্যথা
- স্তন ভারী অনুভব করা
- ওজন বেড়ে যাওয়া
- দুই মাসিকের মধ্যে রক্ত যাওয়া
- অস্বস্তি বোধ করা
- ব্রন ওঠা
- বমি বমি ভাব বা বমি হচ্ছে কি?

→ মহিলাকে বুঝিয়ে দিন যে প্রথম প্রথম এ ধরণের ছোট খাট অসুবিধা হতে পারে। সাধারণত: ৩/৪ মাস বড়ি গ্রহণের পর এ ধরণের অসুবিধা চলে যায়। মহিলাকে পরামর্শ দিন রাতের খাবারের পর পরই যেন বড়ি খায়।

৩. আপনার শেষ মাসিক কি ৬ সপ্তাহ আগে হয়েছে ?(মহিলা কি গর্ভবতী) → যদি ৬ সপ্তাহ মাসিক বন্ধ থাকে তাহলে বড়ি খাওয়া বন্ধ করে FWV এর কাছে প্রেরণ করুন।

৪. সহবাসের পর রক্ত যায় কি ?
৫. গত সাক্ষাতের পর থেকে আপনার ঃ
- চোখ অথবা গায়ের রং হলদে হয়েছে কি ?
- সামান্য কাজের পর বুকে ব্যথা বা শ্বাস কষ্ট হয় কি ?
- ঘন ঘন প্রচন্ড মাথা ধরা অথবা চোখে ঝাপসা দেখেন কি?
- পায়ের মাংস পেশীতে কয়েক দিন ধরে প্রচন্ড ব্যথা হয়েছে কি ?
- স্তনে শক্ত চাকা অনুভব করেছেন কি ?

→ মহিলাকে বড়ি খাওয়া বন্ধ করতে পরামর্শ দিন। তাকে FWV অথবা মেডিক্যাল অফিসার এর কাছে নিয়ে যান বা পাঠানোর ব্যবস্থা করুন।
কনডম সরবরাহ দিন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তরে মহিলা যদি "না" বলে তাহলে তাকে বড়ি খাওয়া চালিয়ে যেতে পরামর্শ দিন এবং মহিলার নিকট বড়ি আছে কি না তা নিশ্চিত হবার জন্য বড়ির পাতাটি দেখুন, প্রয়োজনে বড়ি দিয়ে দিন।

	▪ মিশ্র বড়ি(সুখী) ব্যবহার বিধিঃ	▪ মিশ্র বড়ি (সুখী) খেতে ভুলে গেলেঃ	শুধুমাত্র প্রজেস্টেরণ সমৃদ্ধ খাবার বড়ি (আপন) ব্যবহার বিধিঃ	প্রজেস্টেরণ সমৃদ্ধ খাবার বড়ি (আপন) খেতে ভুলে গেলেঃ	সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়া ও সমাধানঃ
বড়ি গ্রহীতাদের ডানদিকে উল্লেখিত বিষয় সমূহ ভালভাবে বুঝিয়ে বলুন।	⇨ নতুন করে বড়ি খাওয়া আরম্ভ করলে মাসিকের প্রথম দিন থেকে ৫ম দিন পর্যন্ত যে কোন দিন সাদা বড়ি খাওয়া শুরু করতে হবে। ⇨ প্রতিদিন বড়ির পাতায় নির্দেশিত পথ ধরে একটি করে ২১টি সাদা বড়ি খেতে হবে। সাদা বড়ি শেষ হলে সাত দিনে সাতটি খয়েরী বড়ি খেতে হবে। ⇨ খয়েরী বড়ি খাওয়াকালীন অবস্থায় সাধারণতঃ মাসিক শুরু হবে। ⇨ মাসিক হোক বা না হোক খয়েরী বড়ি শেষ হওয়ার পর দিন হতে নতুন পাতা থেকে পূনরায় সাদা বড়ি খাওয়া শুরু করতে হবে। ⇨ প্রতিদিন একই সময়ে বড়ি খাওয়ার অভ্যাস করা ভাল। যেমন - রাতে খাওয়ার পর অথবা শোবার আগে। ⇨ মনে রাখতে হবে কোন কারনে স্বামী সাময়িক ভাকে বাড়িতে না থাকলেও বড়ি খাওয়া বাদ দেওয়া যাবে না।	⇨ একদিন বড়ি খেতে ভুলে গেলে যখনই মনে পড়বে তখনই একটি বড়ি খাবেন এবং ঐ দিনের বড়িটি যথাসময়ে খাবেন। ⇨ পর পর দুদিন বড়ি খেতে ভুলে গেলে মনে পড়ার সাথে সাথে ২টি বড়ি খাবেন এবং তার পরদিন নির্দিষ্ট সময়ে ২টি বড়ি খাবেন। পাতার বাকী বড়ি নির্দিষ্ট সময়ে প্রতিদিন ১টি করে খাবেন এবং পরবর্তী মাসিক না হওয়া পর্যন্ত কনডম ব্যবহার করবেন বা স্বামীর সাথে সহবাসে বিরত থাকবেন। ⇨ পর পর ৩দিন বড়ি খেতে ভুলে গেলে বড়ি আর খাবেন না এবং পরবর্তী মাসিকের আগ পর্যন্ত কনডম ব্যবহার করবেন বা সহবাস থেকে বিরত থাকবেন।	⇨ যে সব গ্রহীতা শিশুকে বুকের দুধ খাওয়াচ্ছেন তারা শিশু জন্মের ৬ সপ্তাহ পর থেকে বড়ি খাওয়া শুরু করতে পারেন এবং শিশুর বয়স ৬মাস পূর্ণ হওয়া পর্যন্ত প্রতিদিন একই সময়ে ১টি করে বড়ি খাবেন। ⇨ যে সব গ্রহীতা শিশুকে বুকের দুধ খাওয়াচ্ছেন না তারা প্রসবের পর পরই অথবা যে কোন সময় বড়ি খাওয়া শুরু করতে পারেন, মাসিক হোক বা না হোক। ⇨ একটি পাতার সব বড়ি খাওয়া শেষ হলে পরদিনই নতুন আর একটি পাতা থেকে বড়ি খাওয়া শুরু করতে হবে। দুই পাতার মাঝে বিরতি দেওয়া যাবে না। ⇨ যে সব গ্রহীতার মাসিক নিয়মিত হয় তারা মাসিকের ৫দিনের মধ্যে বড়ি খাওয়া শুরু করতে পারেন।	⇨ একদিন বড়ি খেতে ভুলে গেলে যখনই মনে পড়বে তখনই একটি বড়ি খাবেন এবং পরবর্তী দুই দিন সুরক্ষার জন্য কনডম ব্যবহার করবেন। সেই সাথে বাকি বড়িগুলো নিয়ম অনুযায়ী একটি করে খেয়ে যাবেন। ⇨ পর পর দুই দিন বড়ি খাওয়া ভুলে গেলে বড়ি খাওয়া বন্ধ করে সুরক্ষার জন্য কনডম ব্যবহার করবেন।	**পার্শ্ব-প্রতিক্রিয়াঃ** ⇨ বমি বমি ভাব। ⇨ ফোঁটা ফোঁটা রক্তস্রাব। ⇨ অনিয়মিত মাসিক (আপন এর ক্ষেত্রে।) ⇨ বুকের দুধ কমে যাওয়া (সুখী এর ক্ষেত্রে)। ⇨ সামান্য মাথা ব্যথা। ⇨ স্তন ভারী বোধ হওয়া। **সমাধানঃ** ⇨ **প্রথম প্রথম এ ধরণের অসুবিধা হতে পারে। সাধারণত ৩/৪ মাসের মধ্যে এ সকল সমস্যা চলে যায়।**

৩.২ ইনজেকটেবল গ্রহীতা বাছাইকরণ ও গ্রহণকারী অনুসরণ সহায়ক তালিকা

কার্যকারিতাঃ শতকরা ৯৯.৭ ভাগ

কোন প্রকার প্রয়োগ নিষেধ না থাকলে মেনোপজ না হওয়া পর্যন্ত মহিলা ইনজেকটেবল নিতে পারেন।

ইনজেকটেবল গ্রহীতা বাছাইকরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুণ। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুণ।

■ বিশেষ দ্রষ্টব্য: রেজিস্টার থেকে জেনে নিন মহিলার সন্তান আছে কি? যদি সন্তান না থাকে তাহলে মহিলাকে ইনজেকটেবল দেয়া যাবে না। সেক্ষেত্রে মহিলাকে অন্য আরেকটি পদ্ধতি বেছে নিতে সাহায্য করুণ।

১. আপনার শেষ সন্তানের বয়স কি দেড় মাসেরও কম?
২. আপনি কি আগামী তিন মাসের মধ্যে সন্তান নিতে চান?

→ মহিলাকে অন্য আরেকটি পদ্ধতি নিতে সাহায্য করুন।

৩. আপনার শেষ মাসিক কি চার সপ্তাহের আগে হয়েছে ? (মহিলা কি মনে করে তার পেটে সন্তান এসে গেছে ?)
৪. আপনার স্তনে কি শক্ত চাকা আছে ?
৫. গত এক বছরের মধ্যে কোন সময় আপনার চোখ অথবা গায়ের রং হলুদ হয়ে গিয়েছিল কি?
৬. আপনার দুই মাসিকের মধ্যবর্তী সময়ে রক্ত যায় কি ? সহবাসের পর রক্ত যায় কি ?
৭. সামান্য কাজের পর আপনার বুকে ব্যথা বা শ্বাসকষ্ট হয় কি ?
৮. আপনার কি ঘন ঘন খুব মাথা ব্যথা হয় ও চোখে ঝাপসা দেখেন?
৯. কোন স্বাস্থ্যকর্মী/ডাক্তার আপনাকে কি জানিয়েছে যে আপনার বহুমূত্র বা ডায়াবেটিস আছে?

→ আরো বিস্তারিত পরীক্ষা ও চিকিৎসার জন্য FWV এর কাছে নিয়ে যান অথবা পাঠিয়ে দেবার ব্যবস্থা করুন। আপাততঃ ব্যবহারের জন্য মহিলাকে কনডম দিয়ে দিন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয় তাহলে মহিলাকে ইনজেকটেবল দেয়া যাবে। এক্ষেত্রে মহিলাকে নিম্নলিখিত বিষয়সমূহ অবহিত করুন।

ইনজেকটেবল গ্রহণকারী অনুসরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুণ। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুণ।

ইনজেকটেবল্ নেয়ার পর থেকে আপনার ছোট খাটো সমস্যা যেমন ঃ তলপেটে চাকা অনুভব করা, স্তন ভারী অনুভব করা, ওজন বৃদ্ধি, দুই মাসিকের মধ্যে ফোঁটা ফোঁটা রক্তস্রাব, অস্বস্তি বোধ করা ইত্যাদি দেখা দিয়েছে কি?

→ মহিলাকে বুঝিয়ে দিন প্রথম কিছুদিন এরকম ছোট খাট অসুবিধা হতে পারে। কিছুদিন পর এসব অসুবিধা চলে যায়। কিছুদিন পরেও যদি ফোঁটা ফোঁটা রক্তস্রাব বন্ধ না হয় এবং মহিলা এ ব্যাপারে খুবই উদ্বিগ্ন থাকেন তাহলে প্রতিদিন ১টা করে মোট ১০টি খাবার বড়ি খেতে দিন।

১. আপনার কি মাসিক বন্ধ হয়ে গেছে ?

→ ভালভাবে প্রশ্ন করুন এবং গর্ভবতী সন্দেহ হলে FWV এর কাছে প্রেরণ করুন। তা না হলে মহিলাকে বুঝিয়ে বলুন যে ইনজেকটেবলের জন্য মাসিক বন্ধ থাকতে পারে। এতে স্বাস্থ্যের ক্ষতি হয় না। এরপরও যদি মহিলা খুবই উদ্বিগ্ন থাকেন তাহলে ইনজেকটেবলস বন্ধ করে অন্য পদ্ধতি নেয়ার পরামর্শ দিন।

২. মাসিকের সময় খুব বেশী (অতিরিক্ত) রক্ত যায় কি ? (মাসিক কি পাঁচ দিনের বেশী থাকে, স্বাভাবিক সময়ের চেয়ে বেশী বার কাপড় বদলাতে হয়।)

→ ভালভাবে প্রশ্ন করে জানুন অন্য কোন অসুবিধা যথা: চাকা চাকা রক্ত যাওয়া, তলপেটে ব্যথা, দুর্গন্ধযুক্ত স্রাব আছে কিনা। যদি থাকে তবে FWV এর কাছে প্রেরণ করুন। অসুবিধা না থাকলে প্রতিদিন একটি করে ২১ দিন খাবার বড়ি খেতে দিন।

৩. যে জায়গাটিতে ইনজেকটেবল নিয়েছিলেন সেখানে ঘায়ের মত হয়ে গেছে বা পেকে গেছে কি ?

→ মহিলাকে মেডিক্যাল অফিসার এর নিকট প্রেরণ করুণ এবং কনডম দিয়ে দিন।

৪. খাবার বড়ি দিয়ে চিকিৎসার পরও মাসিকের সময় খুব বেশী রক্ত যায় কি?
৫. সহবাসের পর রক্ত যায় কি ?
৬. শেষ সাক্ষাতের পর থেকে আপনার :
   - চোখ অথবা গায়ের রং হলদে হয়েছে কি?
   - সামান্য কাজের পর বুকে ব্যথা বা শ্বাসকষ্ট হয়েছে কি ?
   - ঘন ঘন খুব বেশী মাথা ধরা অথবা চোখে ঝাপসা দেখেন কি ?

→ মহিলাকে বুঝিয়ে বলুন ইনজেকটেবল বন্ধ করে দেয়া তার জন্য সবচেয়ে ভাল হবে। তাকে আরো পরীক্ষা ও চিকিৎসার জন্য FWV অথবা মেডিক্যাল অফিসার এর কাছে নিয়ে যান বা পাঠিয়ে দিন। পরবর্তী ডোজের তারিখ পার হয়ে থাকলে তাকে কনডম দিয়ে দিন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয় তাহলে মহিলাকে ইনজেকটেবল চালিয়ে যেতে পরামর্শ দিন।

ইনজেকটেবলস গ্রহীতাকে ডানদিকের বিষয় সমূহ ভালভাবে বুঝিয়ে বলুন।

■ ব্যবহার বিধিঃ

- ⇨ প্রশিক্ষণপ্রাপ্ত সেবাদানকারীর সাহায্যে ইনজেকটেবল নিতে হয়।
- ⇨ ইনজেকটেবল হাতের বা নিতম্বের মাংসপেশীতে নিতে হয়।
- ⇨ প্রথম ডোজ মাসিক শুরুর প্রথম ৫ দিনের মধ্যে নিতে হয়।
- ⇨ ডিএমপিএ (মেড্রোক্সি প্রোজেস্টেরন এ্যাসিটেট) ৩ মাস অন্তর অন্তর নিতে হয়।
- ⇨ পরবর্তী ডোজ নির্ধারিত তারিখের পূর্ববর্তী ১৪ দিনের মধ্যে অথবা পরবর্তী ২৮ দিনের মধ্যে নেয়া যায়।
- ⇨ প্রসবের ৬ সপ্তাহ পর, গর্ভপাত বা এমআর করার পরই ইনজেকটেবল নেয়া যায়।
- ⇨ শুধুমাত্র অটো ডিজএ্যাবল (AD) সিরিঞ্জ দিয়ে ইনজেকটেবল নিতে হয়।

■ সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়াঃ

- ⇨ মাসিক বন্ধ।
- ⇨ অতিরিক্ত রক্তস্রাব।
- ⇨ দুই মাসিকের মধ্যে ফোঁটা ফোঁটা রক্তস্রাব।
- ⇨ অনিয়মিত মাসিক।
- ⇨ সামান্য ওজন বেড়ে যাওয়া।

■ পার্শ্ব-প্রতিক্রিয়ার সমাধানঃ

- ⇨ অনিয়মিত রক্তস্রাব ইনজেকটেবল গ্রহীতার জন্য স্বাভাবিক। গ্রহীতাকে আশ্বস্ত করতে হবে যে দুই/তিন ডোজ নেয়ার পর এগুলো কমে আসবে।
- ⇨ মাসিক বন্ধ থাকায় গ্রহীতা খুবই উদ্বিগ্ন হলে এক চক্র খাবার বড়ি খেতে দিন বা অন্য পদ্ধতি নেয়ার পরামর্শ দিন।
- ⇨ ফোঁটা ফোঁটা রক্তস্রাবের জন্য স্বল্পমাত্রার ১টা করে খাবার বড়ি(সুখী) ২১ দিন খেতে দিন।
- ⇨ অতিরিক্ত রক্তস্রাব হলে প্রতিদিন ১টি করে স্বল্পমাত্রার খাবার বড়ি ২১ দিন খেতে দিন এবং প্রয়োজনবোধে এভাবে ২/৩ চক্র বড়ি খেতে বলুন।

৩.৩ আই ইউ ডি গ্রহীতা বাছাইকরণ ও গ্রহণকারী অনুসরণ সহায়ক তালিকা

কার্যকারিতা: শতকরা ৯৯.৯ ভাগ

আই ইউ ডি গ্রহীতা বাছাইকরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

- বিশেষ দ্রষ্টব্য: রেজিষ্টার থেকে জেনে নিন, মহিলার সন্তান আছে কি? যদি সন্তান না থাকে তা হলে মহিলাকে আই ইউ ডি দেয়া যাবে না। সেক্ষেত্রে মহিলাকে অন্য আরেকটি পদ্ধতি বেছে নিতে সাহায্য করুন।

১. মাসিকের সময় খুব বেশী রক্ত যায় কি?
(মাসিক কি পাঁচ দিনের বেশী থাকে, দিনে স্বাভাবিকের চেয়ে বেশী বার কাপড় বদলাতে হয়?
২. মাসিকের সময় ব্যথার দরুন কাজকর্ম বন্ধ রাখতে হয় কি?

→ মহিলাকে অন্য আরেকটি পদ্ধতি নিতে সাহায্য করুন।

৩. গত ২৮ দিনের মধ্যে আপনার সন্তান প্রসব হয়েছিল কি?

→ মহিলাকে অন্য আরেকটি পদ্ধতি নিতে সাহায্য করুন। তবে পরবর্তী সাক্ষাতের সময় আই ইউ ডি নিতে আগ্রহী কি না জিজ্ঞাসা করুন।

৪. আপনার শেষ মাসিক কি চার সপ্তাহের আগে হয়েছে?
(মহিলা কি মনে করেন তার পেটে সন্তান এসে গেছে?)
৫. আপনার কোন প্রকার দুর্গন্ধ বা পুঁজযুক্ত স্রাব যায় কি এবং তলপেটে প্রচন্ড ব্যথা হয় কি?
৬. আপনার দুই মাসিকের মধ্যবর্তী সময়ে রক্ত যায় কি? সহবাসের পর রক্ত যায় কি?
৭. আপনি কি এতই দুর্বল (রক্তস্বল্পতা) যে কোন কাজ করতে পারেন না? প্রায়ই অজ্ঞান হয়ে যান?
৮. আপনার জরায়ু বের হয়ে এসেছে কি?

→ মহিলাকে আরও পরীক্ষা ও চিকিৎসার জন্য FWV এর কাছে নিয়ে যান অথবা মেডিক্যাল অফিসার এর নিকট পাঠিয়ে দেয়ার ব্যবস্থা করুন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয় তাহলে মহিলাকে আই ইউ ডি দেয়া যাবে। এক্ষেত্রে মহিলাকে নিম্নলিখিত বিষয়সমূহ অবহিত করুন।

আই ইউ ডি গ্রহণকারী/ব্যবহারকারী অনুসরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

১. আপনার আগের চেয়ে বেশী সাদা স্রাব যায় কি?

→ মহিলাকে বলুন এটা হওয়া স্বাভাবিক। কিছুদিনের মধ্যে সেরে যাবে।

২. আপনার নিম্নোক্ত কোন অসুবিধা আছে কি?
- মাসিকের সময় স্বাভাবিকের চেয়ে সামান্য বেশী রক্তস্রাব বা ব্যথা করা।
- দুই মাসিকের মধ্যবর্তী সময়ে ফোঁট ফোঁটা রক্ত যাওয়া।

→ মহিলাকে বুঝিয়ে দিন যে আই ইউ ডি পরার পর প্রথম প্রথম এই সমস্ত ছোট খাটো অসুবিধা হয়ে থাকে। এগুলো সাধারণত: তিন/চার মাস পর সেরে যায়।

৩. আপনার কি শেষ মাসিক চার সপ্তাহের আগে হয়েছে?
(আপনি কি মনে করেন আপনার পেটে সন্তান এসে গেছে?)
৪. তলপেটে কি তীব্র ব্যথা আছে?
৫. আপনার দূর্গন্ধযুক্ত স্রাব যায় কি? সেই সাথে বেশী চুলকানি হয় কি?
৬. গত সাক্ষাতের পর আপনার খুব জ্বর হয়েছিল কি বা বর্তমানে আপনার জ্বর আছে কি ?
৭. মাসিকের সময় বেশী রক্তস্রাব (পাঁচ দিনের বেশী থাকে ও দিনে স্বাভাবিকের চেয়ে বেশী বার কাপড় বদলাতে হয়) হচ্ছে কি?
৮. দুই মাসিকের মধ্যবর্তী সময়ে বেশী পরিমাণে রক্ত যায় কি? সহবাসের পর রক্ত যায় কি?
৯. মাসিকের সময় ব্যথার দরুন কাজকর্ম বন্ধ রাখতে হয় কি?
১০. আপনি কি খুবই দূর্বল (রক্তস্বল্পতা) যে কোন কাজ করতে পারেন না? মাঝে মধ্যে অজ্ঞান হয়ে যান কি?
১১. আই ইউ ডি-র সুতাটি (আঙ্গুল দিয়ে পরীক্ষা করে) হারিয়ে গেছে বা ছোট/বড় হয়ে গেছে কি?
১২. আই ইউ ডি এর মেয়াদকাল পার হয়ে গেছে কি?

→ মহিলাকে FWV অথবা মেডিক্যাল অফিসার এর কাছে পরীক্ষা, চিকিৎসা অথবা আই ইউ ডি খুলে ফেলার জন্য নিয়ে যান অথবা পাঠিয়ে দিন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তরে যদি "না" হয় তাহলে মহিলাকে আই ইউ ডি পরে থাকার পরামর্শ দিন।

আই ইউ ডি গ্রহীতাকে ডানদিকের বিষয় সমূহ ভালভাবে বুঝিয়ে বলুন।

● ব্যবহার বিধিঃ

- ⇨ চিকিৎসক/FWV ক্লিনিকে মহিলার জরায়ুতে আই ইউ ডি পরিয়ে থাকেন।
- ⇨ সাধারণত: মাসিক শুরু হওয়ার ৭ দিনের মধ্যে আই ইউ ডি পরাতে হয়।
- ⇨ হাসপাতালে প্রসবের ক্ষেত্রে ৪৮ ঘন্টার মধ্যে আইইউডি প্রয়োগ করা যায়।
- ⇨ প্রসবের ৪৮ ঘন্টা পর থেকে ২৮ দিনের মধ্যে আইইউডি প্রয়োগ করা যাবে না।
- ⇨ প্রসবের ২৮ দিন পর আই ইউ ডি নেয়া যেতে পারে।
- ⇨ এমআর করার পর পরই আই ইউ ডি নেয়া যায়।
- ⇨ কপার-টি ৩৮০-এ - ১০ বছর ব্যবহার করা যায়।
- ⇨ আই ইউ ডি পরানোর একমাস পর ক্লিনিকে এসে পরীক্ষা করাতে হয়। পরবর্তীতে ৬ মাস পর এবং এর পর প্রতি বছরে ১ বার পরীক্ষা করাতে হয়।
- ⇨ আই ইউ ডি পরানোর পর যোনী পথে ছোট্ট একটি সুতা বের হয়ে থাকে, প্রত্যেক মাসিকের পর পরই আই ইউ ডি যথাস্থানে আছে কি না তা পরীক্ষা করার জন্য আঙ্গুল ঢুকিয়ে পরীক্ষা করতে হয়।
- ⇨ মেয়াদ শেষে পুরনো আই ইউ ডি খুলে ফেলে আরেকটি নতুন লাগানো যায়।

● সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়াঃ

- ⇨ সামান্য মোচড়ানো ব্যাথা।
- ⇨ মাসিক বেশী দিন থাকা;
- ⇨ মাসিকে রক্তস্রাবের পরিমাণ বেশী হওয়া;
- ⇨ মাসিকের সময় তলপেটে ব্যথা হওয়া;
- ⇨ দুই মাসিকের মধ্যবর্তী সময়ে ফোঁটা ফোঁটা রক্তস্রাব হওয়া;

● পার্শ্ব-প্রতিক্রিয়ার সমাধানঃ

- ⇨ সাধারণত: ৩/৪ মাসের মধ্যে পার্শ্ব-প্রতিক্রিয়া দুর হয়ে যায়।
- ⇨ মাসিক স্রাব বেশী হলে একটু উন্নতমানের খাবার ও আয়রণ ট্যাবলেট খাওয়া যেতে পারে।
- ⇨ অতিরিক্ত মাসিক হলে চিকিৎসকের নিকট প্রেরণ করতে হবে।

৩.৪ ইমপ্ল্যান্ট গ্রহীতা বাছাইকরণ ও গ্রহণকারী অনুসরণ সহায়ক তালিকা

কার্যকারিতা: শতকরা ৯৯.৯ ভাগ

ইমপ্ল্যান্ট গ্রহীতা বাছাইকরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

বিশেষ দ্রষ্টব্য ঃ নবদম্পতি এবং যারা বাচ্চা নিতে চান না তারা এই পদ্ধতি গ্রহণ করতে পারেন।

১. আপনার শেষ মাসিক কি চার সপ্তাহের আগে হয়েছে?
(মহিলা কি মনে করেন তার গর্ভে সন্তান এসেছে?)
২. আপনার স্তনে শক্ত চাকা আছে কি?
৩. আপনার লিভারজনিত রোগ বা জন্ডিস গত ৬ মাসের মধ্যে হয়েছে কি?
৪. পূর্ববর্তী গর্ভাবস্থায় আপনার কখনও জন্ডিস হয়েছিল কি?
৫. আপনার দুই মাসিকের মধ্যবর্তী সময়ে রক্ত যায় কি?
৬. আপনার মৃগী রোগ আছে কি?
৭. আপনি যক্ষ্মা রোগের চিকিৎসার জন্য রিফামপিসিন বড়ি খাচ্ছেন কি?
৮. আপনার ডায়াবেটিস নিয়ন্ত্রনে আছে কি?
৯. আপনার রক্তচাপ নিয়ন্ত্রনে আছে কি?

→ মহিলাকে আরও পরীক্ষা ও চিকিৎসার জন্য FWV অথবা মেডিক্যাল অফিসার এর কাছে নিয়ে যান অথবা পাঠিয়ে দেয়ার ব্যবস্থা করুন। আপাতত: অন্য কোন পদ্ধতি যেমন- কনডম ব্যবহারের পরামর্শ দিন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয় তাহলে মহিলাকে ইমপ্যান্ট দেয়া যাবে। এক্ষেত্রে মহিলাকে নিম্নলিখিত বিষয়সমূহ অবহিত করুন।

ইমপ্ল্যান্ট গ্রহণকারী/ব্যবহারকারী অনুসরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

১. ইমপ্ল্যান্ট নেয়ার পর থেকে আপনার নিম্নলিখিত পার্শ্ব-প্রতিক্রিয়া দেখা দিয়েছে কি?
- দুই মাসিকের মধ্যবর্তী সময়ে ফোঁটা ফোঁটা রক্ত স্রাব;
- মাসিক বন্ধ থাকা;
- সামান্য ওজন বেড়ে যাওয়া;
- মাথা ঘুরানো বা বমি বমি ভাব হওয়া;

২. মাসিকের সময় স্বাভাবিকের চেয়ে বেশী পরিমাণে রক্ত যায় কি?

→ মহিলাকে আশ্বাস দিন ৬ থেকে ১২ মাসের মধ্যে এ সকল সমস্যা দূর হয়ে যাবে। বারংবার আশ্বাসের পরও মহিলা যদি খুবই উদ্বিগ্ন হন তাহলে পরীক্ষার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত মেডিক্যাল অফিসার এর নিকট প্রেরণ করুন।

৩. ইমপ্ল্যান্ট লাগানোর স্থান হতে পুঁজ বা রক্তক্ষরণ হচ্ছে কি ?
৪. ইমপ্ল্যান্ট লাগানোর স্থান হতে যে কোন একটি ক্যাপসুল বের হয়ে এসেছে কি?

→ পরীক্ষা ও চিকিৎসার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত মেডিক্যাল অফিসার এর নিকটে নিয়ে যান অথবা পাঠিয়ে দিন।

৫. আপনি কি আজ থেকে ৩/৫ বছর পূর্বে ইমপ্ল্যাট নিয়েছেন?

→ মহিলাকে নতুন করে ইমপ্ল্যান্ট অথবা অন্য কোন পদ্ধতি নেয়ার পরামর্শ দিন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয় তাহলে মহিলাকে ইমপ্ল্যান্ট ব্যবহার চালিয়ে যাওয়ার পরামর্শ দিন।

ইমপ্ল্যান্ট গ্রহীতাকে ডানদিকের বিষয় সমূহ ভালভাবে বুঝিয়ে বলুন।

• ব্যবহার বিধিঃ

- ⇨ প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার দিয়ে নির্দিষ্ট ক্লিনিক কিংবা হাসপাতালে ইমপ্ল্যান্ট স্থাপন এবং খোলা হয়।
- ⇨ হাতের যে জায়গায় ইমপ্ল্যান্ট স্থাপন করা হয় সে জায়গাটি প্রথমে স্থানীয় অবশকরণ ঔষধ দিয়ে অবশ করে নিতে হয়
- ⇨ অবশকৃত জায়গায় চামড়ার নীচে ইমপ্ল্যান্ট ক্যাপসুল ঢুকিয়ে দেয়া হয়।
- ⇨ ইমপ্লান্ট স্থাপনের স্থানটি গজ ও এডহেসিভ টেপ দিয়ে বেধে দেয়া হয়।
- ⇨ স্থাপনের স্থানটি ৫দিন শুকনো রাখার পর ব্যান্ডেজ খুলে ফেলা হয়।
- ⇨ একবার ইমপ্ল্যান্ট গ্রহণ করলে তা ৩/৫ বছর কার্যকর থাকে।
- ⇨ মাসিক স্রাব চলাকালীন অবস্থায়, গর্ভপাত কিংবা এম আর (এমভিএ) / এম আর এম করার পর পরই এটি স্থাপন করা যায়।
- ⇨ সন্তান প্রসবের ৬ সপ্তাহ পর ইমপ্ল্যান্ট স্থাপন করা যায়।
- ⇨ ইমপ্ল্যান্ট স্থাপনের একমাস পর ক্লিনিকে এসে পরীক্ষা করাতে হয়। পরবর্তীতে ৬মাস পর এবং এর পর প্রতি বছরে ১ বার ক্লিনিকে এসে পরীক্ষা করাতে হয়।
- ⇨ ইমপ্ল্যান্ট স্থাপনের পর ফলোআপ এবং খুলে ফেলার তারিখ উল্লেখ করে একটি কার্ড দেয়া হয়। কার্ডটি সংরক্ষণ করা গুরুত্বপূর্ণ।

• সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়াঃ

- ⇨ অনিয়মিত মাসিক
  - দীর্ঘস্থায়ী মাসিক;
  - মাসিকে রক্তস্রাবের পরিমাণ বেশী হওয়া;
  - মাসিক বন্ধ থাকা;
  - দুই মাসিকের মধ্যবর্তী সময়ে ফোঁটা ফোঁটা রক্তস্রাব হওয়া।
- ⇨ সামান্য ওজন বেড়ে যাওয়া;
- ⇨ মাথা ঘুরানো, বমি বমি ভাব হওয়া;
- ⇨ স্তনে টন টনে ব্যথা;
- ⇨ পেটে ব্যথা।

• সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়ার সমাধানঃ

- ⇨ অনিয়মিত মাসিক সাধারণত: ৬-১২ মাসের মধ্যে ভাল হয়ে যায়।
- ⇨ বার বার আশ্বস্ত করার পরও পার্শ্ব-প্রতিক্রিয়া গ্রহীতার জন্য উদ্বেগের কারণ হলে ক্লিনিকে পরীক্ষা করার জন্য প্রেরণ করতে হবে।

• সতর্কতাঃ

ইমপ্ল্যান্ট গ্রহণের পর যদি নিম্নলিখিত কোন অসুবিধা দেখা দেয় তবে অবশ্যই গ্রহীতাকে মেডিক্যাল অফিসারের কাছে যেতে হবে:

- ⇨ ইমপ্ল্যান্ট স্থাপনের স্থান হতে পুঁজ বা রক্তক্ষরণ।
- ⇨ ক্যাপসুল বের হয়ে আসা।
- ⇨ তলপেটে অত্যধিক ব্যথা।
- ⇨ অত্যধিক রক্তস্রাব।
- ⇨ ঘন ঘন মাথা ব্যথা, ঝাপসা দৃষ্টি।
- ⇨ নিয়মিত মাসিক স্রাবের পর মাসিক বন্ধ হওয়া।

৩.৫ স্থায়ী পদ্ধতি (পুরুষ)-এনএসভি ক্লায়েন্ট বাছাইকরণ ও গ্রহণকারী অনুসরণ সহায়ক তালিকা

কার্যকারিতা: ৯৯.৯৯ ভাগ

স্থায়ী পদ্ধতি (পুরুষ)-এনএসভি ক্লায়েন্ট বাছাইকরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

১. আপনার কি একটি সন্তান?
২. আপনার শেষ সন্তানের বয়স কি এক বছরের কম?
(দুইটির বেশী সন্তান থাকলে প্রশ্নটি করার প্রয়োজন নেই।)
৩. আপনি কি ভবিষ্যতে আরো সন্তান নিতে চান?

→ অপারেশন করা সম্ভব নয় তাই অন্য আরেকটি পদ্ধতি নিতে সাহায্য করুন।

৪. আপনি কি বর্তমানে নিম্নলিখিত এক বা একাধিক রোগে ভুগছেন?

- অনিয়ন্ত্রিত ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- অপারেশনের জায়গায় মারাত্মক চর্মরোগ
- হৃদরোগ

→ পরীক্ষা ও চিকিৎসার জন্য মেডিক্যাল অফিসার এর নিকট প্রেরণ করুন। চিকিৎসা করে সম্পূর্ণ ভাল না হওয়া পর্যন্ত অন্য কোন পদ্ধতি ব্যবহার করতে পরামর্শ দিন। সম্পূর্ণ ভাল হলে অপারেশন করা যাবে সে কথা জানিয়ে দিন।

পর্যবেক্ষণের মাধ্যমে জানুন লোকটি কি মানসিক বিকারগ্রস্থ ?

→ অপারেশন করা সম্ভব নয়। সম্ভব হলে তার স্ত্রীকে অন্য কোন পদ্ধতি ব্যবহারের পরামর্শ দিন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয় তাহলে তাকে অপারেশন করা যাবে। অপারেশন করার জন্য মেডিক্যাল অফিসার এর কাছে নিয়ে যান অথবা পাঠিয়ে দিন এবং নিম্নলিখিত বিষয়সমূহ অবহিত করুন।

স্থায়ী পদ্ধতি (পুরুষ)-এনএসভি গ্রহণকারী অনুসরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন গ্রহণকারীকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি গ্রহণকারী "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

- **<u>প্রথম ৭ দিন</u>**

১. আপনার জ্বর হয় কি?
২. অপারেশনের জায়গায় নিম্নলিখিত উপসর্গ দেখা দিয়েছে কি?

- অতিরিক্ত ব্যথা
- পুঁজ
- ফোলা
- রক্তপাত

→ পরীক্ষা এবং চিকিৎসার জন্য অবশ্যই গ্রহণকারীকে মেডিক্যাল অফিসার এর নিকট যাওয়ার পরামর্শ দিন।

- **<u>এনএসভি করার পর থেকে</u>**

১. আপনি কি কনডম ছাড়াই সহবাস করেন?

→ অপারেশনের পর থেকে ৩ মাস কনডম ব্যবহার করতে পরামর্শ দিন অথবা স্ত্রীকে ৩ মাস কার্যকর অন্য কোন পদ্ধতি গ্রহণ করতে বলুন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয় তাহলে গ্রহণকারীকে বলুন তার এনএস ভি ভালভাবে করা হয়েছে এবং কোন সমস্যা নেই।

ছুরিবিহীন এনএসভি করানোর পূর্বেই গ্রহীতাকে ডানদিকের বিষয় সমূহ ভালভাবে বুঝিয়ে বলুন।

- **অপারেশনের পদ্ধতিঃ**
  - ⇨ ছুরিবিহীন এনএসভি ক্লিনিকে অথবা হাসপাতালে প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার দ্বারা করানো হয়।
  - ⇨ অপারেশনের জায়গা অবশ করার পর অন্ডথলি সামান্য একটু ফুটো করে শুক্রবাহী নালী বের করে বেঁধে কেটে দেয়া হয়।
  - ⇨ অপারেশনের পরেও বীর্যপাত আগের মতই হয়। তিন মাস পর হতে বীর্যে কোন শুক্রকীট থাকে না।
  - ⇨ অপারেশনের পর ১-২ ঘন্টা বিশ্রাম নেয়ার পরই বাড়ী চলে যাওয়া যায়।

- **অপারেশন পরবর্তী পরামর্শঃ**
  - ⇨ অপারেশনের পর দুই দিন কোন ভারী কাজ করা যাবে না।
  - ⇨ অপারেশনের জায়গায় তিন দিন পানি লাগানো যাবে না।
  - ⇨ গ্রহণকারীকে তিন দিন পর ড্রেসিং খুলে ফেলতে হবে।
  - ⇨ সাত দিন পর ফলো-আপের জন্য কেন্দ্রে আসতে হবে।
  - ⇨ অপারেশনের পর ২-৩ দিন সহবাস থেকে বিরত থাকাই ভাল।
  - ⇨ অপারেশনের পর ৩ মাস কনডম ব্যবহার করতে হবে অথবা ৩ মাস স্ত্রীকে অন্য কোন কার্যকর পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার করতে হবে।

- **সতর্কতাঃ**

এনএসভি করার পর যদি কারো নিম্নলিখিত উপসর্গগুলি দেখা দেয় তবে তাকে অবশ্যই ডাক্তারের পরামর্শ নেয়ার জন্য ক্লিনিকে অথবা হাসপাতালে যেতে হবে। উপসর্গ গুলো হলো:

- ⇨ অপারেশনের স্থানে প্রদাহ (ফুলে যাওয়া, ব্যথা, পুঁজ পড়া)।
- ⇨ গায়ে ১০০ ডিগ্রী ফারেনহাইটের বেশী জ্বর।
- ⇨ অপারেশনের জায়গা থেকে রক্তপাত।
- ⇨ অপারেশনের জায়গায় অতিরিক্ত ব্যথা বা ফোলা।

৩.৬ স্থায়ী পদ্ধতি (মহিলা)-টিউবেকটমী গ্রহীতা বাছাইকরণ ও অনুসরণ সহায়ক তালিকা

কার্যকারিতা: ৯৯.৯৫ ভাগ

স্থায়ী পদ্ধতি (মহিলা) গ্রহীতা বাছাইকরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি ক্লায়েন্ট "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

১. আপনার কি একটি সন্তান?
২. আপনার শেষ সন্তানের বয়স কি এক বছরের কম?
(দুইটির বেশী সন্তান থাকলে প্রশ্নটি করার প্রয়োজন নেই।)
৩. আপনি কি ভবিষ্যতে আরো সন্তান নিতে চান?

→ মহিলাকে অপারেশন করা সম্ভব নয় তাই অন্য আরেকটি পদ্ধতি নিতে সাহায্য করুন।

৪. আপনার শেষ মাসিক কি ৪ সপ্তাহের আগে হয়েছে? মহিলা কি বর্তমানে গর্ভবতী?

→ গর্ভবতী কিনা তা পরীক্ষার জন্য মহিলাকে FWV অথবা মেডিক্যাল অফিসার এর নিকট প্রেরণ করুন। আপাতত: কনডম ব্যবহারের পরামর্শ দিন।

৫. আপনি কি বর্তমানে নিম্নলিখিত এক বা একাধিক রোগে ভুগছেন?

- অনিয়ন্ত্রিত ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- হৃদরোগ
- তলপেটে মারাত্মক চর্মরোগ
- অতিরিক্ত রক্তস্বল্পতা
- হাঁপানী

→ পরীক্ষা ও চিকিৎসার জন্য মহিলাকে FWV অথবা মেডিক্যাল অফিসার এর নিকট প্রেরণ করুন। চিকিৎসা করে সম্পূর্ণ ভাল না হওয়া পর্যন্ত কনডম ব্যবহার করতে পরামর্শ দিন। ভাল হলে মহিলাকে অপারেশন করা যাবে।

পর্যবেক্ষণের মাধ্যমে জানুন যে, মহিলা কি মানসিক বিকারগ্রস্থ ?

→ মহিলাকে অপারেশন করা সম্ভব নয়। সম্ভব হলে মহিলাকে অথবা তার স্বামীকে অন্য কোন পদ্ধতি ব্যবহারের পরামর্শ দিন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয় তাহলে তাকে অপারেশন করা যাবে। অপারেশন করার জন্য মেডিক্যাল অফিসার এর কাছে নিয়ে যান অথবা পাঠিয়ে দিন এবং নিম্নলিখিত বিষয়সমূহ অবহিত করুন।

স্থায়ী পদ্ধতি (মহিলা) গ্রহীতা অনুসরণ সহায়ক তালিকা

নীচের প্রতিটি প্রশ্ন গ্রহীতাকে জিজ্ঞাসা করুন। কোন একটি প্রশ্নের উত্তরে যদি গ্রহীতা "হ্যাঁ" বলে তাহলে তীর চিহ্ন দিয়ে দেখানো ডান পাশের নির্দেশনা অনুযায়ী কাজ করুন।

● প্রথম ৭ দিন

১. আপনার জ্বর হয় কি?
২. অপারেশনের জায়গায় নিম্নলিখিত উপসর্গ দেখা দিয়েছে কি?

- অতিরিক্ত ব্যথা
- পুঁজ
- ফোলা
- রক্তপাত
- আপনার তলপেটে খুব ব্যথা হয় কি?
- আপনার চোয়াল শক্তভাবে লেগে যাওয়ার (লক জ) লক্ষণ আছে কি?

● ৭ দিন পর থেকে

১. আপনার মাসিক কি ৪ সপ্তাহের আগে হয়েছে?
(মহিলা কি মনে করেন তার গর্ভে সন্তান এসেছে?)
২. আপনার চোয়াল শক্তভাবে লেগে যাওয়ার (লক-জ) লক্ষণ আছে কি?

→ মহিলাকে পরীক্ষা এবং চিকিৎসার জন্য মেডিক্যাল অফিসার এর নিকট নিয়ে যান অথবা প্রেরণ করুন।

উপরের প্রতিটি প্রশ্নের উত্তর যদি "না" হয় তাহলে গ্রহীতাকে বলুন তার অপারেশন ভালভাবে করা হয়েছে এবং কোন সমস্যা নেই।

স্থায়ী পদ্ধতি (মহিলা) গ্রহনের পূর্বেই গ্রহীতাকে ডানদিকের বিষয় সমূহ ভালভাবে বুঝিয়ে বলুন।

● টিউবেকটমী সম্পর্কিত তথ্যঃ

- ⇨ স্থায়ী পদ্ধতি (মহিলা) ক্লিনিকে অথবা হাসপাতালে প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার দ্বারা করানো হয়;
- ⇨ অপারেশনের পূর্বে ৬ ঘন্টা খালি পেটে থাকতে হবে;
- ⇨ অপারেশনের পর কম পক্ষে ৪ ঘন্টা ক্লিনিকে অথবা হাসপাতালে থাকতে হয়;
- ⇨ অপারেশনের সময় তলপেটে ছোট্ট একটি জায়গা অবশ করে কাটা হয়;
- ⇨ কাটা জায়গার মধ্য দিয়ে দুই পাশের ডিম্ববাহী নালি বেঁধে কেটে দেয়া হয়;
- ⇨ হাসপাতালে প্রসবের ক্ষেত্রে ৬ দিন পর্যন্ত প্রসব পরবর্তী টিউবেকটমী করা যায়;
- ⇨ প্রসবের ৭দিন থেকে ৪২ দিন পর্যন্ত টিউবেকটমী করা যায় না।

● টিউবেকটমী পরবর্তী পরামর্শঃ

- ⇨ প্রথম দিন বাড়ীতে সম্পূর্ণ বিশ্রাম নিতে হয়;
- ⇨ দ্বিতীয় দিন থেকে হালকা কাজ করা যায় কিন্তু তিন সপ্তাহ পর্যন্ত ভারী কাজ করা উচিৎ নয়;
- ⇨ অপারেশনের জায়গায় ৭ দিন পানি লাগানো যাবে না;
- ⇨ সেলাই কাটার জন্য অপারেশনের ৭ দিন পর ক্লিনিকে আসতে হবে;
- ⇨ অপারেশনের পর ১৪ দিন সহবাস থেকে বিরত থাকা ভাল;
- ⇨ অপারেশনের পর যে কোন অসুবিধা দেখা দিলে অতিসত্তর ক্লিনিকে যেতে হবে বা মাঠকর্মীর সাথে যোগাযোগ করতে হবে।

● সতর্কতাঃ

স্থায়ী পদ্ধতি (মহিলা) গ্রহণ করার পর যদি কোন মহিলার নিম্নলিখিত উপসর্গ গুলো দেখা দেয় তবে তাকে অবশ্যই ডাক্তারের পরামর্শ নেয়ার জন্য ক্লিনিকে অথবা হাসপাতালে যেতে হবে। উপসর্গ গুলো হলো:

- ⇨ অপারেশনের স্থানে ব্যথা, ফুলে যাওয়া, পুঁজ পড়া;
